

## ‘বি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদ সংক্রান্ত বিজ্ঞপ্তি

**বিষয়ঃ অনলাইনে (Online) “বি” ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদের আবেদন, সনদ উত্তোলন ও নবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১ অক্টোবর ২০২০ তারিখ হতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের “বি” ক্যাটাগরিতে রেজিস্ট্রেশন সনদের আবেদন, সনদ উত্তোলন ও রেজিস্ট্রেশন সনদ নবায়নের আবেদন অনলাইনে (Online) গ্রহণ করা হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড (VISA, Master Card, Amex), মোবাইল ব্যাংকিং (bKash, রকেট, নগদ, MCASH, AB, t-Cash, Wallet, শিওর ক্যাশ, Dmoney), ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে জমা করতে হবে। ব্যাংক নির্ধারিত অনলাইন পেমেন্ট চার্জ আবেদনকারীকে বহন করতে হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে পে-অর্ডার/ডি.ডি গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, অনলাইনে আবেদনের পূর্বে আবেদনের নির্দেশিকাটি ভালো করে জেনে নিন এবং নির্দেশিকা অনুসারে আবেদনপত্র পূরণ করুন ও নির্ধারিত ফি জমা করুন। অন্যথায়, আপনার আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে এবং ফি অফেরতযোগ্য।

আবেদনপত্রটি সফলভাবে জমা হবার পর কাউন্সিল থেকে এস.এম.এস পাঠানোর ১৫ দিনের মধ্যে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে স্ব-শরীরে সকল সনদপত্রের (এস.এস.সি ও ডিপ্লোমা-ইন-ফার্মেসী) মূলকপি ও আবেদনপত্রের প্রিন্ট কপি এবং নবায়নের ক্ষেত্রে আবেদনকারীকে স্ব-শরীরে রেজিস্ট্রেশন সনদের মূল কপি ও আবেদনপত্রের কপি নিয়ে কাউন্সিলে সকাল ১১:০০ হতে দুপুর ০১:৩০ মিনিটের মধ্যে উপস্থিত হতে হবে। অন্যথায়, আপনার আবেদনপত্রটি বাতিল বলে বিবেচিত হবে এবং ফি অফেরতযোগ্য।

কাউন্সিল কর্তৃক ‘বি’ ক্যাটাগরির রেজিস্ট্রেশন মূল সনদ ও নবায়নকৃত রেজিস্ট্রেশন সনদ বিতরণের সময়ঃ

দুপুর ০২:০০ হতে বিকাল ৪:০০ টা

## **‘বি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্রের আবেদন সংক্রান্ত**

এতদ্বারা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আই.এইচ.টি) থেকে ডিপ্লোমা-ইন-ফার্মেসী পাসকৃতদের ‘বি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্রের আবেদনের জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

### **সংযুক্তিঃ**

১. নির্ধারিত আবেদন ফরম
২. এস.এস.সি ও ডিপ্লোমা-ইন-ফার্মেসী সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৩. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি
৪. দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (ছবিতে দুটি কান স্পষ্ট দেখা যেতে হবে এবং ছবি ল্যাব প্রিন্ট হতে হবে)।
৫. ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুকূলে।

(বি.দ্রঃ উল্লিখিত সনদপত্রগুলো স্ব-স্ব ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করতে হবে এবং সেই সাথে সনদপত্রগুলোর মূল কপি ফার্মেসী কাউন্সিলের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে)

## **‘বি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্র উত্তোলন সংক্রান্ত**

‘বি’ ক্যাটাগরির রেজিস্ট্রেশন মূল সনদ উত্তোলনের জন্য নিম্নলিখিত কাগজপত্রাদী জমা দিতে হবেঃ

১. রেজিস্ট্রেশন মূল রশিদ
২. দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি (ছবিতে দুটি কান স্পষ্ট দেখা যেতে হবে এবং ছবি ল্যাব প্রিন্ট হতে হবে)।

বিঃদ্রঃ মূল সনদ উত্তোলনের সময় রেজিস্ট্রেশনধারী ব্যক্তির স্ব-শরীরে উপস্থিত থাকা আবশ্যিক। বিশেষ ক্ষেত্রে (বিদেশে অবস্থান) রেজিস্ট্রেশনধারী ব্যক্তি উপস্থিত হতে অসমর্থ হলে তাঁর পক্ষে বাংলায় লিখিত কর্তৃত্ব প্রদানপত্র (**Authorization letter**) এবং মনোনীত ব্যক্তির (মা-বাবা অথবা স্বামী-স্ত্রী) জাতীয় পরিচয়পত্র উপস্থাপন ও ই-মেইল ([info@pcb.gov.bd](mailto:info@pcb.gov.bd)) করা সাপেক্ষে মূল সনদ বিতরণ করা হবে।

**কর্তৃত্ব প্রদানপত্রের (Authorization letter) নমুনার জন্য নিচের লিংক এ ক্লিক করুন**

<https://pcb.portal.gov.bd/site/files/9c205972-6c5f-4cf4-81d9-0912e3dee36b>

## ডিপ্লোমা-ইন-ফার্মেসী পরীক্ষার (১ম, ২য়, ও ৩য় বর্ষের) নম্বরপত্র উত্তোলন সংক্রান্ত

ডিপ্লোমা-ইন-ফার্মেসী পরীক্ষার (১ম, ২য়, ও ৩য় বর্ষের) নম্বরপত্র উত্তোলনের জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ

১. সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল বরাবর স্ব-হস্তে লিখিত আবেদনপত্র (আবেদনপত্রে আবেদনকারীর নাম, শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষাবর্ষ ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে)।
২. এস.এস.সি সনদের অনুলিপি।
৩. ডিপ্লোমা-ইন-ফার্মেসী এর তালিকাভুক্তি কার্ডের ফটোকপি।
৪. ডিপ্লোমা-ইন-ফার্মেসী পরীক্ষার ১ম বর্ষের নম্বরপত্র (সাপ্লিমেন্টারীসহ)।
৫. ডিপ্লোমা-ইন-ফার্মেসী পরীক্ষার ২য় বর্ষের নম্বরপত্র (সাপ্লিমেন্টারীসহ)।
৬. ডিপ্লোমা-ইন-ফার্মেসী পরীক্ষার ৩য় বর্ষের নম্বরপত্র (সাপ্লিমেন্টারীসহ)।